

ব্রিটেনের এডেল্‌সেলের সঙ্গে যৌথ শিক্ষা কার্যক্রম চালাবে এদেশের সিফাদ

কাগজ প্রতিবেদক : বেকার ও শিক্ষাজীবনে ব্যর্থ তরুণ-তরুণীদের বিভিন্ন কৃতিমূলক শিক্ষার মাধ্যমে পুনরায় শিক্ষাজীবনে ফিরিয়ে আনার লক্ষ্যকে সামনে রেখে ব্রিটেনের সর্বোচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এডেল্‌সেলের সঙ্গে যৌথ শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে যাচ্ছে বাংলাদেশের বিকল্প শিক্ষা প্রকল্প সিফাদ।

এ কার্যক্রমের অংশ হিসেবে সিফাদ এডেল্‌সেলের সহযোগিতায় প্রাথমিক পর্যায়ে ঢাকায় 'ও' লেভেল 'এ' লেভেল এবং আইজিসিএসই সার্টিফিকেট কোর্স পরিচালনার জন্য স্কুল ও কলেজ প্রতিষ্ঠা করবে। এছাড়া সরকারের সঙ্গে সমন্বয়ের মাধ্যমে সারা দেশে স্কুল, কলেজ ও বৃত্তিমূলক শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করবে।

গত বুধসপ্তিমবার শেরাটন হোটেল সিফাদ ও এডেল্‌সেলের যৌথ উদ্যোগে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এ কথা জানানো হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন এডেল্‌সেলের দক্ষিণএশীয় ব্যাবস্থাপক নিক স্যানসাম সাইদুর রহমান।

ব্রিটিশ কাউন্সিলের রিসার্চ সাক্ষাৎকার এবং ইউডার ভাইস চ্যান্সেলর প্রফেসর এমাজউলীন আহমদ। এক প্রশ্নের জবাবে তারা জানান, এডেল্‌সেলের অধীনে বাংলাদেশসহ পৃথিবীর ১০৫টি দেশের শিক্ষার্থীরা 'ও' লেভেল 'এ' লেভেল, জিসিএসই সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করে থাকে। বর্তমানে বাংলাদেশের অধিকাংশ ইংলিশ মিডিয়াম স্কুলের শিক্ষার্থীরা ব্রিটিশ কাউন্সিলের মাধ্যমে এডেল্‌সেলের অধীনে এইসব পরীক্ষায় অংশ নিয়ে থাকে।